Todays' Capital Market News Clippings

April 25, 2017

Sl. No	Focus on Bulletin	Sources	Page No.
1	Banks' exposure to capital market Regulator, merchant bankers suggest change in calculation	The Financialexpress	2
2	ICB to sit today with top merchant bankers, stock brokers	The Financialexpress	3
3	DSE turnover dips to five-month-low	The Financialexpress	4
4	বিআইডিএসের আলোচনায় বিশেষজ্ঞদের অভিমত মুঠোফোনে টাকা পাঠানোর খরচ কমাতে হবে	Daily Prothom-alo	5
5	লাফার্জ- হোলসিম প্রধান এরিক ওলসেনের পদত্যাগ	Arthosuchak	6
6	মার্কেন্টাইল ইন্স্যুরেন্সের ১০% লভ্যাংশ ঘোষণা	Arthosuchak	7
7	বিজিআইসির ১১% লভ্যাংশ ঘোষণা	Arthosuchak	7
8	৩.৩০ টাকা ইপিএস নিয়ে স্টক ডিভিডেন্ড দিল মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংক	sharebazarnews.com	7
9	ম্যারিকো বাংলাদেশের ডিভিডেন্ড ঘোষণা	sharebazarnews.com	8
10	পতনের গতি কমেছে: নড়ে- চড়ে বসছেন নীতি নির্ধারকরা	sharebazarnews.com	8
11	নূরানী ডাইংয়ে জমা ১২০৯ কোটি টাকা, ১টি শেয়ারের বিপরীতে ২৮টি আবেদন	Daily stockbangladesh	9
12	দেশীয় বিনিয়োগকারীদের হাহাকার: সুযোগ সন্ধানীর ভূমিকায় বিদেশীরা	sharenews24.com	10
13	মুনাফার ধসে পেনিনসুলার চিটাগাংয়ের শেয়ারের দর পতন	sharenews24.com	10

1	Banks' exposure to capital market Regulator, merchant bankers suggest change in calculation	The Financialexpress

The securities' regulator and the merchant bankers have separately proposed revising areas and calculation of banks' exposure to facilitate higher institutional investment in stock market.

The Bangladesh Merchant Bankers Association (BMBA) Monday sent to the state minister of the Ministry of Finance (MoF) a set of proposals, including one that suggested calculation of banks' exposure to the capital market on the basis of investment in listed securities only.

The Bangladesh Securities and Exchange Commission (BSEC) has also suggested non-inclusion of banks' investment in open-end mutual funds (MFs) while calculating their exposure to capital market.

The securities' regulator will send the proposal to the central bank soon, according to a BSEC official.

The BSEC said as per the revised Bank Companies Act, banks' exposure to capital market is calculated basing on market price of securities.

"Open-end MFs are not listed funds. Secondly, the units of open-end MFs have no market price other than sale and repurchase prices fixed once in a week," said an official of the securities' regulator.

He said market prices of the securities are taken into consideration while calculating banks' exposure on the daily basis. But such calculation is not applicable in the case of open-end MFs.

"The investment of bank in open-end MFs as sponsors remain locked-in for three years. After three years, the banks as sponsors can sell units as per BSEC approval. But no sponsor far sold their units," said the BSEC official.

He also said the BSEC is not aware as to how the market prices of open-ended MFs are defined while calculating the banks' exposure to the capital market.

According to the securities' regulator, the banks have investment worth around Tk 30 billion in MFs including open-end ones.

The Banking Companies Act 1991, which was amended in 2013, has limited a bank's stock market exposure to 25 per cent of its capital.

The capital includes paid-up capital, share premium, statutory reserve and retained earnings.

Earlier, the central bank excluded the banks' investments made into subsidiaries from their exposure following the plea of stakeholders.

In its proposal, the BMBA urged the ministry to take into account only listed securities while calculating the banks' capital market exposure.

They said the long-term or strategic investments need to be excluded from the exposure limit as those

investments are not made for frequent trading.

"Non-convertible preference shares also need to be excluded from the capital market exposure as these investments will never be converted into equity shares and will not be traded in the market," the merchant bankers said.

In its proposal, the BMBA also has preferred reporting on exposure on quarterly basis instead of fortnightly and monthly basis.

"Capital market exposure needs to be calculated on the basis of cost price instead of market price," the BMBA also proposed.

The merchant bankers said capital market exposure of some banks and financial institutions increase without major fresh investments if the share prices move positively on the bourse.

The BMBA leaders could not be reached for their comment regarding the merchant bankers' proposal.
http://www.thefinancialexpress-bd.com/2017/04/25/67994

2	ICB to sit today with top merchant bankers, stock brokers	The Financialexpress

The country's premier bourse Monday ended flat in red after a strong effort of minimising the initial loss observed during mid-session.

On the day, the Dhaka Stock Exchange (DSE) closed with marginal loss in indices, but the turnover closed below Tk 5.0 billion mark due to poor participation.

Meanwhile, the state-run Investment Corporation of Bangladesh (ICB) will sit today (Tuesday) with top merchant bankers and stock brokers to discuss the market situation.

The meeting will be held after trading session at the ICB office and a discussion will be conducted to find out the reasons responsible for the recent continuous declining trend of the stock market, according to market sources.

The DSE started the Monday's session negatively and later the DSE broad index DSEX showed upward trend that sustained for 12 minutes only.

Afterwards, the DSEX shed around 50 points during mid-session. Later, the DSEX started to recover the loss riding on recovery stances.

At the end of the session, the DSEX closed at 5435.63 points, with a marginal loss of 0.04 per cent or 2.61 points.
According to International Leasing Securities, the prime bourse closed in flat in its broad based index DSEX, amid poor activity of the investors.

"The market bounced back in the middle of the session for buying pressure, but could not sustain amid volatile trading and ultimately ended in flat note," said the International Leasing Securities.

It said both the optimists as well as shaky investors were in sideline ahead of quarterly declaration of listed companies.

The shariah-based index DSES and blue chip index DS30 also witnessed marginal fall.

Of total number of issues traded, 110 advanced, 173 declined and 41 were unchanged and the turnover stood at above Tk 4.99 billion.

Among the gaining sectors, bank advanced 0.4 per cent, engineering 0.09 per cent, jute 1.5 per cent, life insurance 0.1 per cent, tannery 0.3 per cent and telecommunication 0.4 per cent.

Among the losing sectors, financial institutions declined 1.2 per cent, pharmaceuticals & chemicals 0.4 per cent and textile 0.6 per cent.

Investors' activities were concentrated mostly on textile sector which contributed 15.80 per cent in market turnover followed by bank 14.90 per cent, financial institutions 12.80 per cent and engineering 10.10 per cent.

LankaBangla Finance topped the turnover chart with a value of Tk 279 million followed by Regent Textiles Tk 250 million, BATBC Tk 234 million, BEXIMCO Tk 159 million and RSRM Steel Tk 133 million.

According to EBL Securities, the prime bourse of the country observed continuity of correction amid indecisiveness and edged slightly lower.

"The market opened with slight optimism which reversed with robust profit booking mood within a while as risk-averse investors opted to stay in safe side," said the EBL Securities.

It said after the mid-session, the market again turned up as investors rebalanced their portfolios by taking fresh position on sector specific stocks.

Prime Insurance Company was the number one gainer with a rise of 9.94 per cent to close at Tk 19.90, while MIDAS Financing topped the losers' chart after declining 8.46 per cent to close at Tk 23.80.

On the Chittagong Stock Exchange (CSE), the benchmark index CASPI witnessed a marginal loss of 24.31 points to close at 16817.67.

Of 240 issues traded, 69 advanced, 141 declined and 30 were unchanged and the turnover stood at above Tk 336.90 million on the port city bourse CSE.
http://www.thefinancialexpress-bd.com/2017/04/24/67975

3	DSE turnover dips to five-month-low	The Financialexpress

The country's premier bourse featured the lowest turnover within more than five months on Monday following investors' low participation.

On the day, the turnover on Dhaka Stock Exchange (DSE) went down below Tk 5.0 billion and closed at Tk 4.99 billion.

According to the market insiders, DSE featured very poor turnover on Monday following the continuous downtrend observed for the last few sessions.

On April 4, the DSE broad index - DSEX - crossed 5,777-point mark, and later the key index witnessed corrections except some rises. On Sunday, DSEX witnessed a sharp fall of 1.51 per cent or 83.41 points to close at 5,438.24 points.

After the day's marginal correction, DSEX closed at 5,435.63 points on Monday. According to DSE information, the premier bourse witnessed a turnover of above Tk 4.68 billion on November 6 last.

Later, in most of the trading sessions, DSE featured turnover of above Tk 5.0 billion, whereas the turnover was Tk 10 billion for 40 sessions. On January 23, DSE featured the highest turnover of above Tk 21.80 billion in last six months.
http://www.thefinancialexpress-bd.com/2017/04/25/67993

4	বিআইডিএসের আলোচনায় বিশেষজ্ঞদের অভিমত মুঠোফোনে টাকা পাঠানোর খরচ কমাতে হবে	Daily Prothom-alo

মুঠোফোনে টাকা পাঠাতে খরচ কমিয়ে আনার তাগিদ এসেছে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) এক আলোচনা অনুষ্ঠানে। এতে বিশেষজ্ঞরা বলেছেন, নিম্ন আয়ের প্রান্তিক মানুষেরা এই সেবাটি বেশি ব্যবহার করেন। তাঁদের আর্থিক অন্তর্ভুক্তির বিষয়টি মাথায় রেখে খরচ কমানো প্রয়োজন। তবে মুঠোফোনভিত্তিক আর্থিক সেবার (এমএফএস) সবচেয়ে বড় প্রতিষ্ঠান বিকাশ বলছে, বর্তমানের চেয়ে কম মূল্যে এই সেবা দেওয়া কঠিন।
রাজধানীর গুলশানের একটি হোটেলে গতকাল সোমবার 'বাংলাদেশ জার্নি: অ্যাক্সিলারেটিং ট্রান্সফরমেশন' শীর্ষক সেমিনারে এমএফএস সেবা নিয়ে আলোচনা অধিবেশনের আয়োজন করা হয়। বিআইডিএসের মহাপরিচালক কে এ এস মুরশিদের সভাপতিত্বে এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রতিষ্ঠানটির জ্যেষ্ঠ গবেষক কাজী ইকবাল। প্যানেল আলোচনায় অংশ নেন বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেমস বিভাগের মহাব্যবস্থাপক লীলা রশিদ, বিকাশের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) কামাল কাদির, বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) অপারেশনস ডিরেক্টর খুরশিদ আলম, চাকরি খোঁজার অনলাইনভিত্তিক পোর্টাল বিডিজবসের সিইও ফাহিম মাশরুর।
প্রবন্ধ উপস্থাপনায় বলা হয়, এমএফএস সেবায় প্রতি ১০০ টাকা পাঠাতে গ্রাহকের খরচ হয় গড়ে ২ টাকা। বাংলাদেশের ব্যবহারকারীদের প্রেক্ষাপটে এ খরচ অনেক বেশি। অন্য দেশে এমএফএসে বেশি টাকা পাঠালে খরচ কম পড়ে কিন্তু বাংলাদেশে ব্যাপারটি উল্টো। অর্থাৎ টাকা পাঠানোর পরিমাণ যত বাড়ে খরচও তত বেশি হয়। এমএফএস সেবাকে শুধু ব্যাংক-নিয়ন্ত্রিত রাখার সমালোচনাও করা হয় প্রবন্ধ উপস্থাপনায়।
লীলা রশিদ বলেন, এমএফএস সেবার বর্তমান বাজারটি মোটেই প্রতিযোগিতামূলক নয়। বাজারে প্রতিযোগিতা আনতে বাংলাদেশ ব্যাংক বর্তমান নীতিমালা সংশোধনে কাজ করছে। বেশ কয়েকটি ব্যাংক এমএফএস সেবার জন্য আলাদা প্রতিষ্ঠান তৈরির জন্য উদ্যোগ নিয়েছে, বিষয়টিকে বাংলাদেশ ব্যাংক ইতিবাচকভাবে দেখছে।
এমএফএস সেবার মূল্যের বিষয়ে লীলা রশিদ বলেন, যৌক্তিক মূল্যে এই সেবা গ্রাহককে দেওয়ার জন্য বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) যার যার অবস্থান থেকে কাজ করছে। তবে আয় ভাগাভাগি, এজেন্টের কমিশন, স্বার্থের সংঘাতসহ এ বিষয়ে অনেক জটিলতা রয়েছে। এগুলো সমাধানে চেষ্টা করা হচ্ছে।
বিকাশের সিইও কামাল কাদির বলেন, এমএফএস সেবা থেকে যে আয় হয় তার ৭৭ শতাংশ এজেন্টকে দিতে হয়। বাকি আয়ের ৭ শতাংশ মুঠোফোন অপারেটর আর ১৬ শতাংশ সেবাদাতা প্রতিষ্ঠানগুলো পায়। সব দিক বিবেচনা করেই এজেন্টের আয়ের ভাগ নির্ধারণ করা হয়েছে। এমএফএস সেবার মূল্য নিয়ে সাধারণ ব্যবহারকারীদের

কোনো অভিযোগ নেই বলেও দাবি করেন তিনি।
এমএফএস সেবাকে শুধু ব্যাংক–নিয়ন্ত্রিত না রেখে অন্যদের জন্য উন্মুক্ত করার বিষয়ে জোর দেন পিআরআইয়ের খুরশিদ আলম তিনি বলেন, প্রতিযোগিতামূলক সক্ষমতা আছে এমন প্রতিষ্ঠানকে এ বাজারে আসতে দেওয়া উচিত। মুঠোফোন অপারেটরদের এ সেবা দেওয়ার মতো এজেন্ট, কারিগরি সক্ষমতা, প্রযুক্তি ও বিনিয়োগ আছে। তাদের এ সেবা দেওয়ার অনুমতি দেওয়া হলে প্রতিযোগিতা বাড়বে।
মুঠোফোন অপারেটরদের এমএফএস সেবার বাজারে আসার বিরোধিতা করে ফাহিম মাশরুর বলেন, তাদের কাজ সেবা দেওয়ার অবকাঠামো নিশ্চিত করা। তারাই যদি ব্যবসা করতে শুরু করে তাহলে সুষম প্রতিযোগিতার ক্ষেত্র থাকবে না। টাকা আদান-প্রদানের বাইরে এমএফএস সেবাকে সব ধরনের মূল্য পরিশোধের কাজে বেশি করে ব্যবহার করতে হবে।
প্রবাসী আয় কমে যাওয়ার জন্য বাংলাদেশ ব্যাংকের এমএফএস লেনদেন সীমা কমানোর সিদ্ধান্তকে 'মাথাব্যথায় মাথা কেটে ফেলার' সঙ্গে তুলনা করেন ফাহিম মাশরুর। এ বিষয়ে লীলা রশিদ বলেন, গণমাধ্যমের চাপে পড়েই লেনদেন সীমা কমানো হয়েছে। তবে এটি পুনর্বিবেচনার সুযোগ রয়েছে।
উল্লেখ্য, চলতি বছরের ১১ জানুয়ারি বাংলাদেশ ব্যাংক এক নির্দেশনায় এমএফএসের লেনদেন সীমা কমিয়ে দেয়। কার্যকর হওয়া এ নির্দেশনায় এমএফএস হিসাব থেকে এক দিনে অর্থ উত্তোলনের সীমা ২৫ হাজার থেকে কমিয়ে ১০ হাজার টাকা করা হয়েছে।
http://www.prothom-alo.com/economy/article/1157036

5	লাফার্জ- হোলসিম প্রধান এরিক ওলসেনের পদত্যাগ	Arthosuchak

যুদ্ধ বিধ্বস্ত সিরিয়ায় কোম্পানির কার্যক্রম নিয়ে এক তদন্তের জেরে বিশ্বের সর্ববৃহৎ সিমেন্ট গ্রুপ লাফার্জ- হোলসিমের প্রধান নির্বাহী এরিক ওলসেন পদত্যাগ করেছেন।

অভিযোগ উঠেছিল, ২০১৪ সালে সিরিয়ায় কোম্পানিটির কারখানা ব্যবস্থাপকরা সেখানে ব্যবসা চালু রাখতে স্থানীয় জঙ্গি গ্রুপকে অর্থ প্রদান করেছে।

অভ্যন্তরীণ তদন্ত প্রতিবেদনে বিষয়টির সত্যতাও মিলেছে।

কোম্পানিটি এক বিবৃতিতে জানায়, আগামী ১৫ জুলাই পর্যন্ত প্রধান নির্বাহীর দায়িত্ব পালন করবেন এরিক ওলসেন। এরপর অন্তবর্তী হিসেবে এ দায়িত্ব নেবেন বিট হেস।

সিরিয়া কেস নিয়ে উত্তেজনা ছড়ানোর মধ্যে এরিক ওলসন পদত্যাগ করার এ সিদ্ধান্ত নিলেন।

২০১৫ সালে সুইস ও ফ্রান্সভিত্তিক কোম্পানি দুটি এক হয়। একীভূত হওয়ার পর থেকে তিনি এর প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করছেন। এর আগে তিনি লাফার্জের ভাইস প্রেসিডেন্ট হিসেবে কর্মরত ছিলেন।

ওলসেন জানান, সুইস- ফ্রান্সের এই কোম্পানি থেকে তিনি সরে গেছেন। তবে তার বিরুদ্ধে যে অভিযোগ আনা হয়েছে, তা সত্যি নয়। এ ধরনের কোনো কর্মকাণ্ডে তিনি জড়িত নন। তার কোনো ভুল নেই।

প্রসঙ্গত, দেশের বাজারে লাফার্জ সুরমা- হোলসিমের ম্যানেজম্যান্ট সম্পূর্ণ আলাদা। তাই এ খবর আন্তর্জাতিক বাজারে প্রভাব ফেললেও দেশের বাজারে কোনো প্রভাব ফেলবে না বলে মনে করা হচ্ছে।

http://www.arthosuchak.com/archives/336112

6	মার্কেন্টাইল ইন্স্যুরেন্সের ১০% লভ্যাংশ ঘোষণা	Arthosuchak

পুঁজিবাজারে তালিকাভুক্ত বিমা খাতের কোম্পানি মার্কন্টোইল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারদের জন্য ১০ শতাংশ লভ্যাংশ ঘোষণা করেছে। এর পুরোটাই নগদ।

কোম্পানি সূত্রে এ তথ্য জানা গেছে।

৩১ ডিসেম্বর ২০১৬ সমাপ্ত হিসাব বছরের আর্থিক প্রতিবেদন পর্যালোচনা করে এ লভ্যাংশ ঘোষণা করা হয়েছে।

সূত্র জানায়, আলোচ্য সময়ে কোম্পানিটির শেয়ার প্রতি আয় (ইপিএস) হয়েছে ১ টাকা ৪০ পয়সা; শেয়ার প্রতি প্রকৃত সম্পদ মূল্য (এনএভি) হয়েছে ১৭ টাকা ৩২ পয়সা।

আগামী ২৯ জুন কোম্পানির বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হবে। এর জন্য রেকর্ড ডেট নির্ধারণ করা হয়েছে ১৭ মে।

http://www.arthosuchak.com/archives/336118

7	বিজিআইসির ১১% লভ্যাংশ ঘোষণা	Arthosuchak

পুঁজিবাজারে তালিকাভুক্ত বিমা খাতের কোম্পানি বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারদের জন্য ১১ শতাংশ লভ্যাংশ ঘোষণা করেছে। এর পুরোটাই নগদ।

কোম্পানি সূত্রে এ তথ্য জানা গেছে।

৩১ ডিসেম্বর ২০১৬ সমাপ্ত হিসাব বছরের আর্থিক প্রতিবেদন পর্যালোচনা করে এ লভ্যাংশ ঘোষণা করা হয়েছে।

সূত্র জানায়, আলোচ্য সময়ে কোম্পানিটির শেয়ার প্রতি আয় (ইপিএস) হয়েছে ৯৭ পয়সা। শেয়ার প্রতি প্রকৃত সম্পদ মূল্য (এনএভি) দাঁড়িয়েছে ১৯ টাকা ৪৮ পয়সা।

আগামী ২২ জুন কোম্পানির বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হবে। এর জন্য রেকর্ড ডেট নির্ধারণ করা হয়েছে ১৮ মে।

http://www.arthosuchak.com/archives/336094

8	৩.৩০ টাকা ইপিএস নিয়ে স্টক ডিভিডেন্ড দিল মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংক	sharebazarnews.com

৩১ ডিসেম্বর, ২০১৬ বছরে মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংকের (এমটিবি) শেয়ার প্রতি আয় (ইপিএস) হয়েছে ৩.৩০ টাকা। তা সত্ত্বেও ব্যাংকটি শেয়ারহোল্ডারদের ১৫ শতাংশ স্টক ডিভিডেন্ড দেওয়ার সুপারিশ করেছে। ব্যাংক সূত্রে এ তথ্য জানা গেছে।

জানা যায়, ২০১৬ বছরের হিসাব নিরীক্ষায় ব্যাংকটির ইপিএস হয়েছে ৩.৩০ টাকা। যা এর আগের বছর ছিল ৩.০৮ টাকা।

এছাড়া শেয়ার প্রতি প্রকৃত সম্পদ মূল্য (এনএভি) হয়েছে ২২.১৫ টাকা এবং শেয়ার প্রতি নগদ কার্যকর প্রবাহ (এনওসিএফপিএস) হয়েছে ৭.২২ টাকা।

ঘোষিত ডিভিডেন্ড শেয়ারহোল্ডারদের অনুমোদনের জন্য ব্যাংকটি আগামী ২০ জুন সকাল সাড়ে ১০টায় আর্মি গল্ফ ক্লাবে বার্ষিক সাধারণ সভা (এজিএম) করবে। এর জন্য রেকর্ড ডেট নির্ধারণ করা হয়েছে ৩১ মে।

http://www.sharebazarnews.com/archives/77445

9	ম্যারিকো বাংলাদেশের ডিভিডেন্ড ঘোষণা	sharebazarnews.com

পুঁজিবাজারে তালিকাভুক্ত ঔষুধ ও রসায়ন খাতের ম্যারিকো বাংলাদেশ লি: ৩১ মার্চ, ২০১৭ সমাপ্ত সময়ে শেয়ারহোল্ডারদের ৫০ শতাংশ চূড়ান্ত ক্যাশ ডিভিডেন্ড দেওয়ার সুপারিশ করেছে। এর আগে কোম্পানিটি ৪৫০ শতাংশ ক্যাশ ডিভিডেন্ড দিয়েছিল। ২০১৬- ২০১৭ হিসাব বছরে কোম্পানিটি মোট ৫০০ শতাংশ ডিভিডেন্ড দিয়েছে। কোম্পানি সূত্রে এ তথ্য জানা গেছে।

জানা যায়, আলোচিত সময়ে কোম্পানিটির শেয়ার প্রতি আয় (ইপিএস) হয়েছে ৪৫.৭২ টাকা, শেয়ার প্রতি প্রকৃত সম্পদ মূল্য (এনএভি) ৫০.১৬ টাকা এবং এনওসিএফপিএস হয়েছে ৬০.৪১ টাকা।

ডিভিডেন্ড অনুমোদনের জন্য কোম্পানিটি আগামী ১৭ জুলাই বার্ষিক সাধারণ সভা (এজিএম) করবে। এর জন্য রেকর্ড ডেট নির্ধারণ করা হয়েছে ৫ জুন।

http://www.sharebazarnews.com/archives/77443

10	পতনের গতি কমেছে: নড়ে- চড়ে বসছেন নীতি নির্ধারকরা	sharebazarnews.com

সপ্তাহের দ্বিতীয় কার্যদিবস দেশের প্রধান শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) সূচকের নিম্নমুখী প্রবণতায় লেনদেন শেষ হয়েছে। এইদিন শুরুতে মিশ্র প্রবণতা থাকলেও দুই ঘন্টা পর ক্রয় প্রেসারে বাড়তে থাকে সূচক। এবং শেষ মিনিটের সেল প্রেসারে পতনেই রয়ে যায় বাজার। সোমবার সূচকের পাশাপাশি কমেছে বেশিরভাগ কোম্পানির শেয়ার দরে। আর টাকার অংকে লেনদেন আগের দিনের তুলনায় কিছুটা কমেছে। আজ দিন শেষে ডিএসইতে লেনদেন হয়েছে ৪৯৯ কোটি টাকা।

এ প্রসঙ্গে একাধিক মার্চেন্ট ব্যাংক ও ব্রোকারেজ হাউজের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে কথা বলে জানা যায়, লেনদেনের শুরুতে বিনিয়োগকারীদের মধ্যে শেয়ার কেনার ঝোঁক থাকলেও শেষ সময়ে মুনাফাভোগী বিনিয়োগকারীদের মধ্যে মুনাফা তুলে নেয়ার প্রবণতা বেড়ে যায়। এর কারণে বাজারে সেল প্রেসার বেড়ে যায়। পরিণতিতে সূচকের পতন ঘটে।

তারা আরও বলেন, বেশ কয়েক দিন ধরেই বাজারকে ঘীরে বিনিয়োগকারীদের আস্থা সংকট দেখা দিয়েছে। বাজারে তাদের অনাস্থার কারণেই টানা সূচকের পতন ঘটছে। এই পতন থেকে বেরিয়ে আসতে হলে বাজারে নতুন ইস্যুর দরকার বলে মনে করেন তারা।

এছাড়াও সাম্প্রতিক সময়ে দেশের পুঁজিবাজারে টানা পতনের কারণ খুঁজে বের করতে শীর্ষ মার্চেন্ট ব্যাংক ও ব্রোকারদের সঙ্গে বৈঠকে বসছে রাষ্ট্রীয় বিনিয়োগকারী প্রতিষ্ঠান ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)। আগামীকাল মঙ্গলবার বিকেল সাড়ে ৫টায় মতিঝিলে আইসিবির নিজস্ব কার্যালয়ে এ বৈঠক করবেন।

আইসিবির ব্যবস্থাপনা পরিচালক মো. ইফতেখার- উজ- জামান বলেন, বাজার স্বাভাবিক করতে কী করা যায়- সে বৈঠকে আলোচনা হবে। বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পুঁজিবাজারের পরবর্তী কার্যক্রম পরিচালিত হবে।

সোমবার ডিএসইর ব্রড ইনডেক্স আগের দিনের চেয়ে ২ পয়েন্ট কমে অবস্থান করছে ৫৪৩৫ পয়েন্টে। আর ডিএসই শরিয়াহ সূচক ৩ পয়েন্ট কমে অবস্থান করছে ১২৫৯ পয়েন্টে এবং ডিএসই- ৩০ সূচক ৪ পয়েন্ট কমে অবস্থান করছে ২০১৯ পয়েন্টে। দিনভর লেনদেন হওয়া ৩২৪টি কোম্পানি ও মিউচ্যুয়াল ফান্ডের মধ্যে দর বেড়েছে ১১০টির, কমেছে ১৭৩টির এবং অপরিবর্তিত রয়েছে ৪১টির। আর দিনশেষে লেনদেন হয়েছে ৪৯৯ কোটি ৯৩ লাখ ১৫ হাজার টাকা।

এর আগের কার্যদিবস অর্থাৎ রোববার ডিএসইর ব্রড ইনডেক্স আগের দিনের চেয়ে ৮৩ পয়েন্ট কমে অবস্থান করে ৫৪৩৮ পয়েন্টে। আর ডিএসই শরিয়াহ সূচক ৯ পয়েন্ট কমে অবস্থান করছে ১২৬২ পয়েন্টে এবং ডিএসই- ৩০ সূচক ২৫ পয়েন্ট কমে অবস্থান করছে ২০২৪ পয়েন্টে। আর ওইদিন লেনদেন হয়েছিল ৫০৬ কোটি ২২ লাখ ৭৭ হাজার টাকা। সে হিসেবে আজ ডিএসইতে লেনদেন কমেছে ৬ কোটি ২৯ লাখ ৬২ হাজার টাকা।

এদিকে, দিনশেষে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে (সিএসই) ব্রড ইনডেক্স ১৪ পয়েন্ট কমে অবস্থান করছে ১০ হাজার ২০০ পয়েন্টে। দিনভর লেনদেন হওয়া ২৪০টি কোম্পানির ও মিউচ্যুয়াল ফান্ডের মধ্যে দর বেড়েছে ৬৯টির, কমেছে ১৪১টির এবং অপরিবর্তিত রয়েছে ৩০টির। আর দিনশেষে লেনদেন হয়েছে ৩৩ কোটি ৬৯ লাখ ৪৬৪ টাকা।

http://www.sharebazarnews.com/archives/77395

11	নূরানী ডাইংয়ে জমা ১২০৯ কোটি টাকা, ১টি শেয়ারের বিপরীতে ২৮টি আবেদন	Daily stockbangladesh

নূরানী ডাইং অ্যান্ড সোয়েটার লিমিটেডর আইপিওতে ২৮ গুণের বেশি সাড়া পেয়েছে। ৪ কোটি ৩০ লাখ শেয়ার বিক্রি করে মোট ৪৩ কোটি টাকার মূলধন সংগ্রহ করবে বস্ত্র খাতের কোম্পানিটি। এর বিপরীতে বিনিয়োগকারীরা ১ হাজার ২০৯ কোটি টাকার শেয়ার পেতে আবেদন করেছেন।

কোম্পানির ১টি শেয়ারের বিপরীতে ২৮টি আবেদন জমা পড়েছে। তাই লটারি করে আবেদনকারীদের মধ্যে শেয়ার বরাদ্দ করা হবে। আগামী ২ মে সকাল সাড়ে ১০টায় রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে লটারি ড্র করা হবে।

ইস্যু ম্যানেজার জানিয়েছে, প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীরাই কোম্পানিটির ৫৫৬ কোটি ৭৩ লাখ টাকার শেয়ার পেতে আবেদন করেছে। অথচ আইপিওতে তাদের জন্য মাত্র ১৭ কোটি ২০ লাখ টাকার শেয়ারের কোটা বরাদ্দ রয়েছে। মিউচুয়াল ফান্ডের জন্য কোটা বরাদ্দ রয়েছে ৪ কোটি ৩০ লাখ টাকার শেয়ার। অথচ আবেদন পাওয়া গেছে ৯৬ কোটি ৫৫ লাখ টাকার।

সাধারণ বিনিয়োগকারীরা মোট ৪৪৭ কোটি ৮২ লাখ টাকার শেয়ার কিনতে আবেদন জমা দিয়েছেন। এ ক্যাটাগরিতে কোটা বরাদ্দ আছে মাত্র ১৩ কোটি ৭৬ লাখ টাকার শেয়ার। ক্ষতিগ্রস্ত বিনিয়োগকারীর ৩ কোটি ৪৪ লাখ টাকার শেয়ারের কোটা বরাদ্দের বিপরীতে মোট ৫১ কোটি টাকার শেয়ার কেনার আবেদন জমা পড়েছে। একই অবস্থা ছিল প্রবাসী বাংলাদেশিদের কোটায়। এক্ষেত্রে কোটা বরাদ্দ ছিল ৪ কোটি ৩০ লাখ টাকার, আবেদন পাওয়া গেছে ৪৭ কোটি ৪৩ লাখ টাকার।

গত ৯ ফেব্রুয়ারি শেয়ারবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) নূরানী ডাইংকে আইপিও প্রক্রিয়ায় মূলধন উত্তোলনের অনুমতি দেওয়ার সিদ্ধান্ত নেয়। গত ২ থেকে ১০ এপ্রিল পর্যন্ত বিভিন্ন ক্যাটাগরির বিনিয়োগকারীদের থেকে আইপিও চাঁদা ও আবেদন সংগ্রহ করেছিল প্রতিষ্ঠানটি।

আবেদন বেশি হওয়ায় কোম্পানিটি আগামী ২ মে লটারি করে আবেদনকারীদের মধ্যে শেয়ার বরাদ্দ দেবে। এরপর আনুষ্ঠানিকতা শেষে সেকেন্ডারি শেয়ারবাজারে তালিকাভুক্তি ও লেনদেন চালুর উদ্যোগ নেবে কোম্পানিটি।

http://www.dailystockbangladesh.com/৫৫৬-কোটি-৭৩-লাখ-টাকার

12	দেশীয় বিনিয়োগকারীদের হাহাকার: সুযোগ সন্ধানীর ভূমিকায় বিদেশীরা	sharenews24.com

‘কিনে লাভ করা না গেলে, বিক্রয় করেও মুনাফা করা যায় না’।ব্যবসায়ের সূত্র তাই বলে। তাই পুঁজিবাজার বুদ্ধারা বলেন, ‘পতনের বাজারে নতুন বিনিয়োগ করুন, যাতে করে উর্ধ্বমুখী বাজারে মুনাফা সংগ্রহ করতে পারেন।’

বাংলাদেশের পুঁজিবাজারের দেখা যায় ভিন্ন চিত্র। উর্ধ্বমুখী বাজারে বিনিয়োগকারীদের ঢল নামলেও পতনের (যদিও কিছু কিছু পতন অস্বাভাবিক) বাজারে শুধুই হাহাকার। কিন্তু এই একই সময় ফায়দা তুলে নিচ্ছে সুযোগ সন্ধানী বিদেশী বিনিয়োগকারীরা।

তথ্য সূত্র বলছে,এপ্রিল মাসের প্রথম ১৫ দিনে ১০ কার্যদিবস ছিল। এই প্রথম ১০ কার্যদিবসে বিদেশীরা মোট ৫৪৬ কোটি ৪৪ লাখ ৭০ হাজার টাকার লেনদেন করেছেন। এর আগের পক্ষে অর্থাৎ মার্চ মাসের শেষ ১৫ দিনে বিদেশীরা মোট ৪৯৯ কোটি ১০ লাখ টাকার লেনদেন করেছিলেন। সেই হিসেবে আগের পক্ষের তুলনায় চলতি পক্ষে বিদেশীদের লেনদেন ৯.৪৯ শতাংশ বেড়েছে।

অন্যদিকে গত বছর ২০১৬ সালে এপ্রিলের প্রথম পক্ষে বিদেশীরা ৪৬৫ কোটি ১১ লাখ ৫০ হাজার টাকার শেয়ার লেনদেন করেছিল। এপ্রিলের প্রথম পক্ষে ডিএসইতে মোট লেনদেন হয়েছে ৮ হাজার ৩৮৭ কোটি টাকা এবং দৈনিক গড় লেনদেন ৮৩৮ কোটি টাকা। যা এর আগের পক্ষে ছিল ১০ হাজার ৩৮২ কোটি টাকা এবং দৈনিক গড় লেনদেন ১ হাজার ৩৮ কোটি টাকা। ২৩ এপ্রিল রোববার লেনদেন আরও কমে ৫০৬ কোটি ২২ লাখ টাকা।যা চলতি বছরের সর্বনিম্ন লেনদেন।

টেকনিক্যাল বিশ্লেষণ বিবেচনায়ও দেশের পুঁজিবাজার এখন বিনিয়োগ অনুকূল অবস্থানে। টেকনিক্যাল বিশ্লেষণের অন্যতম অনুষঙ্গ আরএসআই (Relative Strength Index- RSI) এ অবস্থার ঈঙ্গিত দিচ্ছে। ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) আরএসআই প্রধান মূল্যসূচক ডিএসইএক্স চালুর পর সর্বনিম্ন অবস্থানে নেমে এসেছে। রোববার লেনদেন শেষে ১৪ দিনের গড় আরএসআই দাঁড়িয়েছে ২৩.২১। আগের দিন আরএসআই ছিল ২৯.৬৯। লংকাবাংলা সিকিউরিটিজের বাজার বিশ্লেষণ থেকে এ তথ্য জানা গেছে।

বাজার সংশ্লিষ্টরা বলছেন, টানা দর পতনে বাজারের তালিকাভুক্ত কোম্পানি ও ফান্ডগুলো এখন বিনিয়োগে উপযোগী অবস্থানে রয়েছে। এমন পরিস্থিতিতে নতুন বিনিয়োগে যাওয়া উত্তম।

http://sharenews24.com/index.php?page=details&nc=5&news_id=4137

13	মুনাফার ধসে পেনিনসুলার চিটাগাংয়ের শেয়ারের দর পতন	sharenews24.com

পুঁজিবাজারে ভ্রমন ও অবকাশ খাতের তালিকাভুক্ত দ্য পেনিনসুলা চিটাগাং লিমিটেডের তৃতীয় প্রান্তিকের সর্বশেষ তিন মাসে লোকসানে থাকায় বিগত ৯ মাসে অর্থাৎ (১ জুলাই’১৬ থেকে ৩১ মার্চ’১৭) কোম্পানিটির মুনাফায় ধস নেমেছে। মুনাফার ধসে সোমবার সপ্তাহের দ্বিতীয় কার্যদিবসে কোম্পানিটির শেয়ারের সর্বোচ্চ দর পতন অব্যাহত রয়েছে।ডিএসই সূত্রে এ তথ্য জানা গেছে।

জানা গেছে, বিগত তিন মাসে অর্থাৎ জানুয়ারি থেকে মার্চ’১৭ শেষে কোম্পানিটির শেয়ার প্রতি লোকসান হয়েছে ০.১০ টাকা। কিন্তু আগের বছর একই সময় কোম্পানিটির শেয়ার প্রতি আয় হয়েছিল ০.২০ টাকা।

এরই ধারাবাহিকতায় বিগত ৯ মাসে কোম্পানিটির শেয়ার প্রতি আয় (ইপিএস) হয়েছে ০. ৫৬ টাকা। যা আগের বছর একই সময় ছিল ০.৯২ টাকা। এছাড়া শেয়ার প্রতি নেট অপারেটিং ক্যাশ ফ্লো (এনওসিএফপিএস) হয়েছে ০.৫৪ টাকা। গত অর্থবছরের একই সময়ে যার পরিমাণ ছিল ০.৭৪ টাকা। ৩১ মার্চ ২০১৭ পর্যন্ত কোম্পানির শেয়ার প্রতি সম্পদ মূল্য (এনএভিপিএস) দাঁড়িয়েছে ৩০.৪৭ টাকা। ৩০ জুন,২০১৬ পর্যন্ত কোম্পানির এনএভিপিএস ছিল ৩১.১৬ টাকা।

এদিকে, সোমবার প্রথম ঘন্টার লেনদেন শেষে দর কমেছে ৬.৫৪ শতাংশ। এসময় কোম্পানিটির সর্বশেষ বাজার দর ছিল ২৪.৩০ টাকা। যদিও সোমবার প্রথম ঘন্টার লেনদেন শেষে সর্বনিম্ন শেয়ার দর ছিল ২৩.৭০ টাকা।

http://sharenews24.com/index.php?page=details&nc=1&news_id=4136

Disclaimers:

All news of the webpage is collected from different daily newspapers of Bangladesh & presented for information purposes only. We can't guarantee the accuracy of the information contained. SJIBSL will not be responsible for any consequences that might arise from the use of the information available on this website. If you encounter questionable material in sites to which we have linked, please email us and we will consider removing the link.